

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.২০১৪- ২১৪৪

তারিখঃ ২০ আষাঢ় ১৪২৫বং
২৪ জুন ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়)“ [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2)]-শীর্ষক প্রকল্প কর্তৃক নির্মিত ব্যতিক্রমধর্মী ও বহুমুখী ব্যবহার বিশিষ্ট বায়োগ্যাস প্লান্ট এর ভিডিওচিত্র, আলোকচিত্র, উপকারভোগীর সাক্ষাৎকার ও তথ্যচিত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারী টিভি চ্যানেল ‘Channel i’ পরিচালক, হেড অব নিউজ ও বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব জনাব শাইখ সিরাজ ‘Channel i’ এর জনপ্রিয় অনুষ্ঠান “ হৃদয়ে মাটি ও মানুষ ” এ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নির্মিত ব্যতিক্রমধর্মী ও বহুমুখী ব্যবহার বিশিষ্ট বায়োগ্যাস প্লান্ট এর কার্যক্রম প্রদর্শনের উদ্যোগ নির্দেশক্রমে গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশে জনাব শাইখ সিরাজ মহোদয়ের সাথে আলোচনা হয়েছে।

এমতাবস্থায়, আপনার উপজেলায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নির্মিত ব্যতিক্রমধর্মী ও বহুমুখী ব্যবহার বিশিষ্ট বায়োগ্যাস প্লান্ট এর ভিডিওচিত্র, আলোকচিত্র, উপকারভোগীর সাক্ষাৎকার ও তথ্যচিত্র জরুরী ভাবে আগামী ২/৩ দিনের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি জরুরী ও গুরুত্বপূর্ণ।

প্রাপক

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর

-----উপজেলা

-----জেলা।

(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প

ফোন/ফ্যাক্স-৯৫৮৮৩৯২।

E-mail:pdimpactphase2dyd@gmail.com

বিতরণ :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-----জেলা।

০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।

০৪। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,-----উপজেলা,-----জেলা।

০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। অফিস কপি।